যুগান্তর

তারিখ 24 AUG 2016
পাতা 2 কলাম 2

প্রধান শিক্ষককে জুতাপেটা

# ২৪ ঘণ্টার মধ্যে প্রতিবেদন চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়

**লালমনিরহাট প্রতিনিধি**

মঙ্গলবার যুগান্তরের শেষ পাতায় 'কালীগঞ্জে প্রধান শিক্ষককে জুতাপেটা করল আ'লীগ নেতা' শিরোনামে প্রতিবেদন প্রকাশের পর লালমনিরহাট জেলাজুড়ে তোলপাড় শুরু হয়েছে। বিষয়টি নিয়ে মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে ২৪ ঘণ্টার মধ্যে কালীগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে একটি প্রতিবেদন চাওয়া হয়েছে বলে জানা গেছে। তবে অভিযুক্ত ওই আওয়ামী লীগ নেতা নিজেকে বাঁচাতে ইতিমধ্যে দৌড়ঝাঁপ শুরু করেছেন বলে জানা গেছে। বিষয়টি যাতে আইনি প্রক্রিয়ায় না গড়ায় এবং সামাজিকভাবে মীমাংসা হয় সেজন্য তিনি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ বিভিন্নজনের সঙ্গে যোগাযোগও করছেন বলে জানা গেছে। এদিকে শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা চিন্তা করে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অনুরোধে মঙ্গলবার থেকে শিক্ষক-শিক্ষার্থীরা পুনরায় ক্লাসে ফিরে গেছে। এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছে কালীগঞ্জ থানা পুলিশ। জানা গেছে, কালীগঞ্জের ইউএনও মো. শাহীনুর আলমের নির্দেশে মঙ্গলবার দুপুরে গোপালরায় পঞ্চপথী উচ্চ বিদ্যালয় পরিদর্শনে যান উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আফরোজা বেগম। তিনি এ সময় ঘটনার শিকার শিক্ষকসহ অপর শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের সঙ্গে কথা বলেন। পরে প্রধান শিক্ষককে ওই দিনের ঘটনাটি লিখিতভাবে জানানোর নির্দেশসহ সবাইকে ক্লাসে ফিরে যাওয়ার অনুরোধ করেন।